

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৩৬

পরিচ্ছেদঃ অপছন্দনীয় নাম।

بَابُ مَا يُكْرَهُ مِنَ الأَسْمَاءِ

### আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، عَنْ شُعْبَةَ، عَنْ مَنْصُورٍ، عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ، عَنْ الرَّبِيعِ بْنِ عُمَيْلَةَ الْفَزَارِيِّ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ تُسَمِّي غُلاَمَكَ رَبَاحٌ وَلاَ أَفْلَحُ وَلاَ يَسَارٌ وَلاَ نَجِيحٌ يُقَالُ أَثَمَّ هُوَ فَيُقَالُ لاَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

#### বাংলা

২৮৩৬. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ..... সামুরা ইবন জুন্দুব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমার সন্তানের নাম রাবাহ, আফলাহ, ইয়াসার, নাজীহ রাখবে না। কেননা বলা হবে, এখানে অমুক আছে কি? জওয়াবে বলা হবেঃ নেই।\*

সহীহ, ইবনু মাজাহ ৩৬৩০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৩৬ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ।

## **English**

Narrated Samurah bin Jundab:

that the Messenger of Allah (ﷺ) said: "Do not name your boy Rabah, nor Aflah, nor Yasar, nor Najih, so that it may be said: 'Is he there?' and it may be said: 'No.'"

### ফুটনোট

\* এই নামগুলোর অর্থ হল যথাক্রমে লাভবান, সফলকাম, সহজ, মনষ্ককাম পূরণ হয়েছে যার। এখানে অমুক



আছে কি? উত্তরে যখন বলা হবে নেই। এর অর্থ হবে লাভবান হওয়া নাই ইত্যাদি। এটি তখন খারাপ অর্থব্যঞ্জক বিষয় হয়ে দাঁড়াবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন